# নির্বাচনের প্রস্তুতি শুরু, ফেব্রুয়ারিতে ভোটের জন্য ইসিকে প্রধান উপদেষ্টার চিঠি




সংগৃহীত ছবি

২০২৬ সালের ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের জন্য নির্বাচন কমিশনকে চিঠি পাঠিয়েছে প্রধান উপদেষ্টার কার্যালয়। চিঠিতে রোজার আগে নির্ধারিত সময়ে নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি নিতে বলা হয়েছে।

২০২৬ সালের ফেব্রুয়ারিতে রোজা শুরু হওয়ার আগেই জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের লক্ষ্যে নির্বাচন কমিশনকে প্রয়োজনীয় প্রস্তুতি নিতে অনুরোধ জানিয়েছে প্রধান উপদেষ্টার কার্যালয়। এ বিষয়ে নির্বাচন কমিশনারের কাছে একটি আনুষ্ঠানিক চিঠি পাঠানো হয়েছে, যা সরকারের পক্ষ থেকে নির্বাচন আয়োজনের প্রক্রিয়াকে আনুষ্ঠানিকতা দিয়েছে।

বুধবার (৬ আগস্ট) বিষয়টি নিশ্চিত করেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তিনি জানান, মুখ্য সচিব এম সিরাজ উদ্দিন মিয়া স্বাক্ষরিত চিঠিতে নির্বাচন কমিশনকে "অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও উৎসবমুখর" পরিবেশে নির্বাচন আয়োজনে প্রয়োজনীয় সকল কার্যক্রম শুরু করার অনুরোধ জানানো হয়েছে।

আরও বিস্তারিত আসছে...

LENS ASIA